রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৭, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ**

**প্রবিধি অনুবিভাগ**

**প্রবিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/ ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ০৭.০০.০০০০.০০০.১৭৪.৩১.০০৪২.২৬-৭২**—সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই)-এ কর্মরত সকল স্তরের সামরিক-অসামরিক কর্মচারীগণের অনুকূলে ৩০ জুন ২০২৬ তারিখে বিশেষ ভাতা হিসাবে আহরিত টাকার পরিমাণের উপর ২০ (বিশ) শতাংশ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বৃদ্ধি করিল:

**শর্তাবলি:**

(ক) ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বিশেষ ভাতার টাকার পরিমাণের সহিত উক্ত পরিমাণের ২০ (বিশ) শতাংশ যোগ করিয়া যেই পরিমাণ নির্ধারিত হইবে ১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে সেই পরিমাণ বিশেষ ভাতা প্রাপ্য হইবেন। ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত অর্থ বিভাগের ০১ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৫.০৩২.১৪-১২৭ নং স্মারক অনুযায়ী বিশেষ ভাতা প্রাপ্য হইবেন;

(খ) জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী মূল বেতনের শতাংশ হিসেবে এই ভাতার হার বা পরিমাণ নির্ধারিত হইবে না; এবং

(গ) প্রেষণে নিয়োজিত কর্মচারীগণ স্ব-স্ব বাহিনীর জন্য নির্ধারিত ঝুঁকি ভাতা বা বিশেষ ভাতা বা প্রতিরক্ষা সার্ভিস ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রাপ্য হইবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ ফেরদৌস আলম**
যুগ্মসচিব

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০